

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯২৩

আগরতলা, ১৬ আগস্ট, ২০২৪

তেলিয়ামুড়ায় হরিরাধা বিদ্যামন্দিরে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু ছাত্রছাত্রীদের প্রকৃত শিক্ষায় শিক্ষিত করে তোলার জন্য শিক্ষক শিক্ষিকাদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি আজ তেলিয়ামুড়ার হদ্রাইয়ে হরিরাধা বিদ্যামন্দিরে ছাত্র ও শিক্ষকদের সাথে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির ভাষণে বলেন, যে শিক্ষা সিলেবাসের অন্তর্গত বিভিন্ন বিষয়ের পাশাপাশি সাংস্কৃতিক এবং নৈতিক শিক্ষায় শিক্ষিত করে তোলে সেই শিক্ষায় ছাত্রছাত্রীদের বেশি করে শিক্ষিত করে তুলতে হবে। রাজ্যপাল বলেন, বিদ্যাভারতী শিক্ষা সমিতি ত্রিপুরা হরিরাধা বিদ্যামন্দিরটি পরিচালনা করছে। এই শিক্ষা প্রতিষ্ঠানটি জনজাতিদের শিক্ষা, সংস্কৃতি চর্চা এবং জীবন জীবিকা অর্জনে নানাভাবে সহায়তা করছে জেনে রাজ্যপাল সন্তোষ প্রকাশ করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিদ্যাভারতী শিক্ষা সমিতির সভাপতি ড. মিলনরাণী জমাতিয়া। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন হরিরাধা বিদ্যামন্দিরের ম্যানেজমেন্ট কমিটির সভাপতি হামানি জমাতিয়া। অনুষ্ঠানে রাজ্য বিধানসভায় সরকার পক্ষের মুখ্যসচিব বিধায়ক কল্যাণী সাহা রায়, খোয়াই জেলার জেলাশাসক ও সমাহর্তা চান্দনী চন্দ্রন, পুলিশ সুপার ডা. রমেশ চন্দ্র যাদব, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গঙ্গা প্রসাদ প্রসেইন প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে রাজ্যপাল হরিরাধা বিদ্যামন্দিরের হোস্টেলটি পরিদর্শন করেন এবং ছাত্র, শিক্ষক ও ম্যানেজমেন্ট কমিটির সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন।
